কুমিল্লা সিটি কর্পোরেশন

নগর ভবন, কুমিল্লা

(cocc.portal.gov.bd)


# কুমিল্লা সিটি কর্পোরেশনের ৯৩তম সভার কার্যবিবরণী।

সভাপতি : হাবিবুর আল-আমিন সাদী
ভারপ্রাপ্ত মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন

তারিখ : ২৮/০৩/২০২৪খ্রি.

সময় : দুপুর ২.০০ঘটিকা

স্থান : সিটি কর্পোরেশনের অতীন্দ্র মোহন রায় সম্মেলন কক্ষ

উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সংরক্ষিত আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সাধারণ আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: ছামছুল আলম সভার কার্যক্রম পরিচালনা করেন।

০১। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: প্রধান নির্বাহী কর্মকর্তা গত ২৯/০২/২০২৪খ্রি. তারিখের সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান এবং কারো কোনো আপত্তি/সংশোধনী আছে কি-না জানতে চান। সভার কার্যবিবরণী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়।<br>সংশোধনী:<br>২৯/০২/২০২৪খ্রি. তারিখের সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি-০৫(খ) এলইডি স্ট্রিট লাইট ক্রয় প্রাক্কলন ১৭,১৩,০০০/-(সতের লক্ষ তের হাজার)টাকার স্থলে ২০,০৯,৪০০/= (বিশ লক্ষ নয় হাজার চারশত) টাকা প্রতিস্থাপিত হবে। | ০১। ২৯/০২/২০২৪খ্রি. তারিখের সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো আপত্তি না থাকায় বর্ণিত সংশোধনীসহ উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হলো। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| ০২. | বিগত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা: প্রধান নির্বাহী কর্মকর্তা ২৯/০২/২০২৪খ্রি. তারিখের সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। অত:পর এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা ও অগ্রগতি পর্যালোচনা করা হয়। | ০১। সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন কার্যক্রমের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়নাধীন ও প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| ০৩. | মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো: মাসুদুর রহমান সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখার রাজস্ব আদায় বিবরণী সম্মানিত সদস্যদের অবহিতির জন্য উপস্থাপন করেন। সভায় রাজস্ব আদায়ের তুলনামূলক তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়।<br>(ii) ফেব্রুয়ারি ২০২৪ মাসের সিটি কর্পোরেশনের রাজস্ব আয় ও ব্যয়ের সারসংক্ষেপ নিম্নরূপ-<br>আয়: ৩,০৮,৬৬,১৭৭/-টাকা<br>ব্যয়: ২,৭৯,০১,১৮৩/- টাকা | রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ পর্যায়ে চলমান রাজস্ব আদায় টিমের কার্যক্রম আরও জোরদার করতে হবে। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ০৪. | উন্নয়ন কর্মকাণ্ড সংক্রান্ত: সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী জনাব মো: আবু সায়েম ভূইয়া চলমান ও সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের (ডিপিপি, এডিপি, ইউডিসিজিপি)অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর চলমান ও সমাপ্তকৃত প্রকল্পের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ০১। প্রস্তাবিত ০৪(চার)টি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো। | প্রধান প্রকৌশলী<br>নির্বাহী প্রকৌশলী (সকল)<br>সহকারী প্রকৌশলী (সকল) |

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৮/০৩/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>(ii) নির্বাহী প্রকৌশলী কর্তৃক নিম্নলিখিত প্রাক্কলন/সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br><br>
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্প/কাজের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>১.</td><td>রেইসকোর্স ফ্লাইওভার হতে ডায়াবেটিকস হসপিটাল রোড পর্যন্ত আর সিসি ড্রেইন নির্মাণ কাজ।</td><td>৫৩,৮৯,৫২৯/-</td></tr>
<tr><td>২.</td><td>পুলিশ লাইন গেটের সামনে, পানি উন্নয়ন বোর্ড এর সামনে এবং নুরপুর ইনসাফ হাউজিং এর সামনে বক্স কালভার্ট নির্মাণ কাজ।</td><td>৯৯,৩১,১৫২/-</td></tr>
<tr><td>৩.</td><td>রানীর দিঘীর পশ্চিম পাড়ে প্রতিরোধক দেওয়াল ও ফুটপাত নির্মাণ, ভিক্টোরিয়া কলেজ মাঠে মাটির ভারাট কাজ।</td><td>১,০৪,৫৬,৬২০/-</td></tr>
<tr><td>৪.</td><td>কুমিল্লা কেন্দ্রীয় ঈদগাহ মাঠ মেরামত এবং রংকরণ কাজ।</td><td>২,৫৬,৬১৫/-</td></tr>
</table>
<br>(iii) <u>ভেরিয়েশন প্রাক্কলন</u>: নির্বাহী প্রকৌশলী নিম্নবর্ণিত ভেরিয়েশন প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>(ক) Package No: CUCC/CIDP/2022-2023/W-022, Tender ID: 749287 Part-01: ROAD-097: Construction of BC Road Start From Uttar Rampur Dhaka-Ctg Highway to Polly Biddot Somity office & Construction of BC Road Start From Uttar Rampur Dhaka-Ctg Highway to Central Medical College. Part-2: Road-098: Construction of RCC Road Start From Soybari Laksam Road to Laksam Road Via Anam Shaheber Bari-Soybari Mosjid. Part-03: Drain-100: Construction of RCC Drain Start From Soybari Laksam Road to Laksam Road Via Anam Shaheber Bari-Soybari Mosjid. Part-04: ROAD-100: Construction of RCC Road Start From Baro Dorgapur Vasha Soinik Abu Taher Miar Bari Road to Laksam Road Ware House. Part-05: Drain-102: Construction of RCC Drain Start From Baro Dorgapur Vasha Soinik Abu Taher Miar Bari Road to Laksam Road Ware House, Construction of Retaining Wall & Beautification with SS Pipe at Sree Vallobpur Poccimpara Mozumder Bari Pond Near Graveyard. Part-06: Road-101: Construction of RCC Road Start From Doiara-Durgapur Road to Elite Housing. Part-7: Drain-103: Construction of RCC Drain Start From Doiara-Durgapur Road to Elite Housing. Part-08: Road-102: Construction of RCC Road Start From Laksam Road Kachua Uttar Chowmohoni to Kazipara Road, Link-01: Construction of RCC Drain at Kachua Chowmohoni Road to Rinar Bari. Part-9: Drain-104: Construction of RCC Drain Start From Laksam Road Kachua Uttar Chowmohoni to Kazipara Road, Link-01: Construction of RCC Drain at Kachua Chowmohoni Road to Rinar Bari. Part-10: Road-099: Construction of RCC Road Start From Uttar Rampur-Hirapur Road to Uttar Rampur Mosjid, Uttar Rampur-Hirapur Road to Md. Ikbal Hossain Bhuiyan Bari, Link: Construction of RCC Road at Ayet Ali Miar Bari. Part-11: Drain-101: Construction of RCC Drain Start From Uttar Rampur- Hirapur Road to Uttar Rampur Mosjid, Uttar Rampur-Hirapur Road to Md. Ikbal Hossain Bhuiyan Bari, Link: Construction of RCC Drain at Ayet Ali Miar Bari in ward no-22. চুক্তিমূল্য- ৮,৭৭,৫১,২৭৯/- টাকা এবং ভেরিয়েশন প্রাক্কলন- ৮,৭৭,২২,৭০১/- টাকা। ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ২৮,১৮৪/- টাকা বা ০.০৩% কম।</td><td>০২। প্রস্তাবিত ০১টি ভেরিয়েশন প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br><br>০৩। উন্নয়ন কাজের গুণগত মান ও টেকসই নিশ্চিতে প্রকৌশল বিভাগের সকল কর্মকর্তাকে তদারকি জোরদার করার জন্য অনুরোধ করা হলো।</td><td></td></tr>
</table>

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৮/০৩/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৫. | **শাখাভিত্তিক আলোচনা:**<br><br>(ক) **বর্জ্য ব্যবস্থাপনা:**<br>(i) **মশা ও ডেঙ্গু নিয়ন্ত্রণ:** সম্মানিত কাউন্সিলর সরকার মাহমুদ জানান, মশা নিয়ন্ত্রণে আরও উদ্ভাবনী ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ওয়ার্ডভিত্তিক বরাদ্দ পর্যাপ্ত নয়। ফগার মেশিন ব্যবহারে জ্বালানি বাবদ বরাদ্দ বাড়ানোর প্রস্তাব করেন। এছাড়া কর্মীরা দু'ঘন্টা স্প্রে করে কাজ বন্ধ করে দেয়। তাই কর্মসূচিতে নিয়োজিত কর্মীদের কার্যক্রম মনিটরিং জোরদার দরকার। এক প্রশ্নের জবাবে মশক নিধন কর্মসূচির দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব মো: নাজিম উদ্দিন বলেন, কীটনাশক বা ঔষধের পর্যাপ্ত মজুদ রয়েছে এবং চাহিদা মোতাবেক সরবরাহ করা হচ্ছে। প্রতিদিন একটি ওয়ার্ডে ০৩টি ফগার মেশিন জ্বালানি(অকটেন) ১২লিটার, কীটনাশক মিশ্রিত ডিজেল ৫৪লিটার এবং ০৬জন কর্মী এবং একটি ওয়ার্ডে ০৪টি স্প্রে মেশিন, ০৮বোতল (প্রতি বোতল ৪০০ এমএল) কীটনাশক এবং ০৪জন কর্মী নিয়মিত কাজ করছে। এছাড়া গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ ও দপ্তরে পৃথক দু'টি টিম কাজ করে। ফগার মেশিন ব্যবহার ব্যয় বহুল ও কঠোর শ্রমসাধ্য বটে। তাছাড়া একটানা বা দীর্ঘক্ষণ ফগার মেশিন চালানো কর্মী ও মেশিন উভয়ক্ষেত্রেই ঝুকিপূর্ণ। তবে কর্মীদের দক্ষতা ও কাজে মনোযোগী হওয়ার জন্য তদারকি জোরদার করা হবে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, মশা নিযন্ত্রণ কর্মসূচি অগ্রাধিকার পাবে। এ কাজে কারো শৈথিল্য গ্রহণযোগ্য হবে না। মশার ওষুধ ক্রয়, মজুদ বিতরণ ও প্রয়োগ প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতা ও কার্যকারিতা নিশ্চিত করতে হবে। ফগার মেশিন বা ম্যানুয়েল স্প্রে মেশিনের মাধ্যমে ওষুধ স্প্রে করার ওয়ার্ডভিত্তিক রোস্টার প্রণয়নপূর্বক এপ্রিল ২০২৪ মাসের প্রথম সপ্তাহের মধ্যে সকল কাউন্সিলরের দপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।<br><br>(ii) **পরিত্যক্ত পুকুর, ডোবা পরিষ্কার** : সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৪) জনাব মো: নাছির উদ্দিন নাজিম ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের সভার আলোচ্যসূচি নম্বর ৫(ক) অনুচ্ছেদের সিদ্ধান্ত অবতারণা করে জানান, কাপ্তান বাজার কার্জন কুঠি সংলগ্ন পুকুরের কচুরিপানা ও জঞ্জাল মশা বিস্তারসহ পরিবেশ দূষণ করছে। পুকুরটি পরিষ্কারের পদক্ষেপ নিতে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৬) জনাব মো: আমিনুল ইকরাম জানান, মরা গোমতি নদীর পতিত বর্জ্য, কচুরিপানা, আগাছা ইত্যাদি নদীর ঘাট/পাড়ে জমা করে রাখে। এতে পথচারী ও যানচলাচলে বিঘ্ন ঘটে। নিয়মতান্ত্রিকভাবে মরা নদীর জঞ্জাল সরানোর প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সভাপতিকে অনুরোধ জানান।<br><br>(খ) **বাজার শাখা:** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৬) জনাব মো: আমিনুল ইকরাম জানান, সিটি কর্পোরেশন আওতাধীন কুমিল্লা চকবাজার দোকান কোঠা নম্বর টিনসেড ১৬/১৩ ও ১৬/১৪ নামজারি নিয়ে পক্ষগণের মধ্যে জটিলতা নিরসনে বাজার শাখা থেকে নোটিশ/সাক্ষাৎকার ডাকাসহ নানাবিধ প্রচেষ্টা গ্রহণ করার পরও বিষয়টি নিষ্পত্তি হচ্ছে না। উক্ত দোকান কোঠার নামজারি জটিলতা নিরসনে সভাপতির হস্তক্ষেপ কামনা করেন। নথি পর্যালোচনায় দেখা যায়, বর্ণিত দোকার-কোঠার বরাদ্দগ্রহীতা জনাব আবদুল জব্বার এবং জনাব হাফিজুর রহমান সোহেল, সর্ব সাং চকবাজার, কুমিল্লা হতে জনাব বাবুল মিয়া ওরফে জাহাঙ্গীর, সাং কেরানীনগর, শাহপুর, কুমিল্লা কর্তৃক উক্ত দু'টি দোকান তিনশত টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ক্রয় করেন। কিন্তু বিক্রেতার নানান অজুহাতে সিটি কর্পোরেশনে নামজারি হয় নি। সিটি কর্পোরেশন থেকে ২৮/১১/২০২৩খ্রি. এবং ০৫/০২/২০২৩খ্রি. তারিখ দু'বার সাক্ষাৎকার/নোটিশ প্রদান করা হলেও বিক্রেতাপক্ষ হাজির হয় নি। ফলে সৃষ্ট জটিলতা নিরসন হচ্ছে না। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ০১। সম্মানিত কাউন্সিলরগণের চাহিদা অনুযায়ী ওষুধ ও জ্বালানি সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো। ওষুধ স্প্রে করার ওয়ার্ডভিত্তিক রোস্টার প্রণয়নপূর্বক এপ্রিল ২০২৪ মাসের প্রথম সপ্তাহের মধ্যে সকল কাউন্সিলরের দপ্তরে রোস্টার প্রেরণ করতে হবে।<br><br>০২। শহরে সরকারি-বেসকারি, ব্যক্তি মালিকানাধীন পরিত্যক্ত পুকুর, ডোবা, নালা-নর্দমা ইত্যাদি জলাশয়ের পতিত বর্জ্য, কচুরিপানা নিজ নিজ দায়িত্বে পরিষ্কার/সংস্কার করার জন্য স্থানীয় পত্রিকায় একটি গণবিজ্ঞপ্তি প্রকাশের জন্য পুন:অনুরোধ করা হলো।<br><br>০৩। শহরে বিভিন্ন ওয়ার্ডের সরকারি-বেসকারি, ব্যক্তি মালিকানাধীন পরিত্যক্ত পুকুর, ডোবা, নালা-নর্দমা ওয়ার্ডভিত্তিক তালিকা প্রণয়নকরত: ৩০ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে উহার এককপি প্রকৌশল বিভাগে প্রেরণের জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে পুন:অনুরোধ করা হলো।<br><br>০৪। কুমিল্লা চকবাজার টিনসেড দোকান কোঠা নম্বর ১৬/১৩ ও ১৬/১৪ এর নামজারি জটিলতা নিরসনে পক্ষগণকে শেষবারের মত সাক্ষাৎকার/ পুন:নোটিশ প্রদানের জন্য অনুরোধ করা হলো। কোনো পক্ষ সাড়া না দিলে বা গরহাজির থাকলে সিটি কর্পোরেশন একতরফা সিদ্ধান্ত গ্রহণ করে নামজারি হস্তান্তর প্রক্রিয়া সম্পাদন করবে।<br><br>০৫। সড়ক বাতি সিটি কর্পোরেশনের একটি অন্যতম জরুরি পরিষেবা। এ সেবার মাননিয়ন্ত্রণ, গতিত্বরান্বিত, স্বচ্ছতা ও টেকশই নিশ্চিতে প্রচলিত বিধি-বিধানের আওতায় জরুরি ও অগ্রাধিকারভিত্তিতে দাপ্তরিক প্রক্রিয়া সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | কাউন্সিলর (সকল)<br>প্রধান প্রকৌশলী<br>সচিব<br>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>প্রশাসনিক কর্মকর্তা<br>লাইসেন্স কর্মকর্তা<br>ভান্ডার কর্মকর্তা<br>বাজার কর্মকর্তা<br>ফুড এন্ড স্যানিটেশন কর্মকর্তা (সকল)<br>ওয়ার্ড সচিব(সকল) |

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৮/০৩/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>(গ) <u>বিদ্যুৎ শাখা</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৬) জনাব মো: আব্দুস সত্তার সিটি কর্পোরেশনের সড়কবাতির অব্যবস্থাপনায় ক্ষোভ প্রকাশ করেন। এলইডি লাইট লাগানোর ৪/৫ দিনের মধ্যে বিকল হয়ে পড়ে। কর্মীরা কাজে অমনোযোগী ও সময় দেয় না। প্রজেক্ট এর আওতায় লাইট/শেড স্থাপনের আশ্বাস দীর্ঘক্ষেপণ হচ্ছে। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, সড়কে বিদ্যুৎ বাতি সমস্যা নিয়ে বারবার সভায় আলোচনা হচ্ছে, কিন্তু কোন সুরাহা হচ্ছে না। বৈদ্যুতিক সরঞ্জাম (লাইট, তার, হোল্ডার, সেড ইত্যাদি) জরুরি ও বিশেষ প্রক্রিয়ার সংস্থানের ওপর গুরুত্ব আরোপ করেন। সভাপতি বলেন, বৈদ্যুতিক লাইটের ওয়ারেন্টি বা গ্যারান্টি কার্ড সংরক্ষণ ও তদানুযায়ী বিকল লাইট ফেরত বা পরিবর্তন নিশ্চিত করতে হবে। তাছাড়া অনিয়মের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে জামানত বাতিলসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানান।<br><br>(ঘ) <u>পরিবহন শাখা</u>: সহকারী প্রকৌশলী জনাব মো: খাইরুল বাসার পরিবহন শাখার জরুরি কাজের জন্য নিম্নলিখিত প্রাক্কলন অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করেন।<br><br>ক্রম | প্রকল্প/কাজের নাম | প্রাক্কলিত অর্থ<br>১. | গার্বেজ ড্রাম্প ট্রাক আইসার-১৪ কেবিন ও বডি মেরামত কাজ। | ২,৭৫,৮০০/-</td><td>(ii) বৈদ্যুতিক লাইটের ওয়ারেন্টি/গ্যারান্টি কার্ড যথাযথভাবে সংরক্ষণ এবং প্রযোজ্যক্ষেত্রে বাতি পরিবর্তন নিশ্চিত করতে হবে। ব্যত্যয়ে শর্তানুযায়ী সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। (iii) সড়ক বাতি শাখার সকল কর্মীদের দাপ্তরিক কর্মঘন্টাকালীন যথাযথভাবে দায়িত্পালন নিশ্চিত করার জন্য বিভাগ ও শাখা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। দায়িত্ব অবহেলায় দায়ী কর্মীদের বিরুদ্ধে চাকুরিচ্যুতি বা মজুরি কর্তনের দৃষ্টান্ত স্থাপন করতে হবে।<br>০৬। সিটি কর্পোরেশনের পরিবহন শাখার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রস্তাবিত ২,৭৫,৮০০/-(দুই লক্ষ পঁচাত্তর হাজার আটশত) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হলো।</td><td></td></tr>
<tr><td>০৬.</td><td><u>পবিত্র ঈদুল ফিতর ১৪৪৫হিজরী ২০২৪খ্রি. উপলক্ষে দু:স্থদের সহায়তায় ঈদ সামগ্রী বিতরণ</u>: পবিত্র ঈদুল ফিতর ১৪৪৫ হিজরী ২০২৪খ্রি. উদযাপন উপলক্ষে সিটি কর্পোরেশন থেকে সকল ওয়ার্ডের দুস্থদের সাহায্যার্থে মানবিক সহায়তা বিবেচনায় খাদ্য সামগ্রী/আর্থিক সহায়তা বিতরণের লক্ষ্যে আর্থিক বরাদ্দ প্রদানের জন্য সভায় উপস্থাপন করা হয়। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৫) সৈয়দ রায়হান আহমেদ এ বছর পবিত্র ঈদুল ফিতর উদযাপনে দুস্থ প্রান্তিক জনগোষ্ঠীর সহায়তার জন্য ওয়ার্ডভিত্তিক প্রত্যেক কাউন্সিলর মাধ্যমে ঈদ সামগ্রী বিতরণে ০৫ (পাঁচ) লক্ষ টাকা হারে বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০১) জনাব কাজী গোলাম কিবরিয়া জানান, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে দরিদ্র শ্রেণির নাভিশ্বাস। তাই প্রস্তাবিত সহায়তার জন্য একমত পোষণ করে বক্তব্য দেন। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি কর্পোরেশনের রাজস্ব তহবিল হতে ঈদ সামগ্রী বিতরণের অর্থ ব্যয় হবে। গত বছর এ খাতে কাউন্সিলরগণের মাধ্যমে ২(দুই) লক্ষ টাকা বরাদ্ধ প্রদান করা হয়েছিল। এর সাথে সামঞ্জস্য রেখে এ বছর ২(দুই) লক্ষ টাকা বা কিয়ৎপরিমাণ বরাদ্দ বাড়ানো যৌক্তিক হবে এবং তা বাজেটের সাথে সঙ্গতিপূর্ণ হওয়া সমীচীন। অন্যথায় সিটি কর্পোরেশনের তহবিলে বাড়তি চাপ পড়বে। সভাপতি বলেন, সিটি কর্পোরেশনের রাজস্ব বাড়ানো প্রয়োজন। এ লক্ষ্যে সম্মানিত সকল সদস্য ও কর্মকর্তাদের মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন। এ নিয়ে সভায় আরও বিস্তারিত আলোচনা হয়।<br><br>(ii) সভাপতি বলেন, ৩১/০৩/২০২৪খ্রি. তারিখ সকাল ১১.০০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে পবিত্র ঈদুল ফিতর ১৪৪৫ হিজরী উদযাপনে কেন্দ্রীয় ঈদগাহ উপদেষ্টা কমিটির সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় সম্মানিত সকল কাউন্সিলরকে অংশগ্রহণের অনুরোধ জানান।</td><td>০১। পবিত্র ঈদুল ফিতর ১৪৪৫ হিজরী ২০২৪খ্রি. উদযাপন উপলক্ষে খাদ্য সামগ্রী/আর্থিক সহায়তা বিতরণে প্রত্যেক কাউন্সিলরের মাধ্যমে ৩.৫ লক্ষ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং মেয়র মহোদয়ের মাধ্যমে ১২(বার)লক্ষ টাকা সর্বমোট ১.৩৮ কোটি (এক কোটি আটত্রিশ লক্ষ) টাকা সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। বিতরণের মাস্টাররোল ৩০ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে সাধারণ শাখায় দাখিল করতে হবে।<br><br>(ii) ৩১/০৩/২০২৪খ্রি. তারিখ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আহূত পবিত্র ঈদুল ফিতর ১৪৪৫ হিজরী উদযাপনে কেন্দ্রীয় ঈদগাহ উপদেষ্টা কমিটির সভায় অংশগ্রহণের জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ করা হলো।</td><td>কাউন্সিলর (সকল)<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>সচিব</td></tr>
</table>

পাতা-০৪-

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৮/০৩/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৭. | <u>সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে ড্রেন পরিষ্কার, সংস্কার ও পরিচ্ছন্নতা অভিযান (ক্রাশ প্রোগ্রাম) পরিচালনায় ৫৬,৬৮,৩৫৪/-(ছাপ্পান্ন লক্ষ আটষট্টি হাজার তিনশত চুয়ান্ন) টাকার প্রাক্কলন অনুমোদন</u>: নির্বাহী প্রকৌশলী জনাব মো: আবু সায়েম ভুইয়া সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে ড্রেন পরিষ্কার, সংস্কার ও পরিচ্ছন্নতা অভিযান (ক্রাশ প্রোগ্রাম) পরিচালনায় ৫৬,৬৮,৩৫৪/-(ছাপ্পান্ন লক্ষ আটষট্টি হাজার তিনশত চুয়ান্ন) টাকার প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, ড্রেন-খাল খনন প্রকল্পের কাজ গতানুগতিক বা যেনতেনভাবে নয়, কাজের টেকশই মান ও স্বচ্ছতা নিশ্চিত করা দরকার। এ কাজের প্রতিটি পর্যায়ে স্থানীয় কাউন্সিলরকে সম্পৃক্ত করে কাজটি ফলপ্রসূভাবে সম্পাদন করা জরুরি। এ লক্ষ্যে সিডিউল অনুযায়ী কাজের মান নিয়ন্ত্রণে স্থানীয় কাউন্সিলরের প্রত্যয়ন নেওয়ার প্রস্তাব করেন।<br>এ প্রসঙ্গে সভাপতি বলেন, এবারের ড্রেন খাল খনন কর্মসূচি তিনি ব্যক্তিগতভাবে দেখভাল করবেন। শহরের প্রধান প্রধান আউটলেট যেমন- রেইসকোর্স খাল, টমছম ব্রিজ খাল, হাউজিং খাল, সুজানগর খাল এগুলো খনন কাজ অগ্রাধিকার ও নিবিড়ভাবে মনিটরিং করা হবে। কাজটি সার্বক্ষণিক মনিটরিং করার জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। অত:পর আলোচনান্তে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো।<br>০১. প্রধান প্রকৌশল, কুমিল্লা সিটি কর্পোরেশন -আহ্বায়ক<br>০২. সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন -সদস্য<br>০৩. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা , কুমিল্লা সিটি কর্পোরেশন -সদস্য<br>• কমিটি ড্রেন, খাল খনন কাজের অগ্রগতি নিয়মিত প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবহিত করবেন। | ০১। সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে ড্রেন পরিষ্কার, সংস্কার ও পরিচ্ছন্নতা অভিযান (ক্রাশ প্রোগ্রাম) পরিচালনায় ৫৬,৬৮,৩৫৪/-(ছাপ্পান্ন লক্ষ আটষট্টি হাজার তিনশত চুয়ান্ন) টাকার প্রস্তাবিত প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। পিপিআর ও প্রচলিত বিধিবিধান অনুসরণ করে কাজটি বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br>(ii) পরিচ্ছন্নতা অভিযান ও ড্রেন-খাল খনন কর্মসূচি সার্বক্ষণিক মনিটরিং এবং অগ্রগতি নিয়মিত প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবহিত করার জন্য গঠিত কমিটিকে অনুরোধ করা হলো। | কাউন্সিলর (সকল)<br>প্রধান প্রকৌশলী<br>নির্বাহী প্রকৌশলী (সকল)<br>সচিব<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ০৮. | সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে খাল খনন ও সংস্কার (ক্রাশ প্রোগ্রাম) কর্মসূচি পরিচালনায় ৫৯,৯৪,৮৪৪/- (উনষাট লক্ষ চুরানব্বই হাজার আটশত চুয়াল্লিশ) টাকার প্রাক্কলন অনুমোদন: নির্বাহী প্রকৌশলী জনাব মো: আবু সায়েম ভুইয়া সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে খাল খনন ও সংস্কার (ক্রাশ প্রোগ্রাম) কর্মসূচি পরিচালনায় ৫৯,৯৪,৮৪৪/- (উনষাট লক্ষ চুরানব্বই হাজার আটশত চুয়াল্লিশ) টাকার প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | ০১। সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে খাল খনন ও সংস্কার (ক্রাশ প্রোগ্রাম) কর্মসূচি পরিচালনায় ৫৯,৯৪,৮৪৪/- (উনষাট লক্ষ চুরানব্বই হাজার আটশত চুয়াল্লিশ) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। পিপিআর ও প্রচলিত বিধিবিধান অনুসরণ করে কাজটি বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br>(ii) পরিচ্ছন্নতা অভিযান ও ড্রেন-খাল খনন কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় কাউন্সিলরের সাথে আবশ্যিকভাবে সমন্বয় সাধনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | কাউন্সিলর (সকল)<br>প্রধান প্রকৌশলী<br>নির্বাহী প্রকৌশলী (সকল)<br>সচিব<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ০৯. | <u>করধার্য পুন:মূল্যায়নে বিভিন্ন মহল্লার করদাতা কর্তৃক পি-ফরমে দাখিলীয় আবেদনসমূহ বিবেচনা</u>: সভাপতির অনুমতিক্রমে প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মো: মোস্তাফিজুর রহমান জানান, ২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত সাধারণ করধার্য (পঞ্চবার্ষিকী জেনারেল এসেসমেন্ট) কার্যক্রমের আওতায় মাঠজরীপে প্রস্তাবিত বার্ষিক মূল্যায়নের ওপর পি-ফরমে গ্রাহকের আপত্তিকৃত প্রায় ২৫০টি আবেদন ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মাসিক সভার আলোচ্যসূচি নম্বর ০৬ সিদ্ধান্তের আলোকে আপত্তি নিষ্পত্তি করে করধার্য চূড়ান্ত করা হয়েছে। তালিকা এসেসমেন্ট শাখায় সংরক্ষিত আছে। চূড়ান্তকৃত করধার্য তালিকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ০১। ২০১৯-২০২০ অর্থবছরের জেনারেল এসেসমেন্টে প্রস্তাবিত কর পুন:মূল্যায়নে পি-ফরমে গ্রাহকের আপত্তিকৃত প্রায় ২৫০টি আবেদনের ওপর করধার্য চূড়ান্ত তালিকা সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। এতদবিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | প্রধান রাজস্ব কর্মকর্তা<br>এসেসমেন্ট কর্মকর্তা |

স্বাক্ষর ২৪/০৪/২০২৪

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৮/০৩/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১০. | বিবিধ: (ক) <u>কুমিল্লা মেডিকেল সেন্টার প্রা: লি: এর লিফট দুর্ঘটনা</u>: সভাপতি বলেন, সম্প্রতি কুমিল্লা মেডিকেল সেন্টার প্রা: লি: (কুমিল্লা টাওয়ার হাসপাতাল) প্রতিষ্ঠানে পুন: পুন: লিফট দুর্ঘটনা ঘটছে। একটি শিশু মৃত্যুর ঘটনাও ঘটেছে। বিষয়টি খুবই মর্মান্তিক ও আশংকাজনক। এ প্রসঙ্গে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, উক্ত প্রতিষ্ঠানে লিফট দুর্ঘটনায় শিশু মৃত্যুর ঘটনা তদন্তের জন্য গঠিত কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়েছে। এ বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণে ব্যবস্থা গ্রহণ করা হবে। | ০১। কুমিল্লা মেডিকেল সেন্টার প্রা: লি: (কুমিল্লা টাওয়ার হাসপাতাল) প্রতিষ্ঠানে লিফট দুর্ঘটনা এবং যথাযথ করণীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |

সভাপতি বলেন, ০১ জানুয়ারি ২০২৪ তারিখ কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়রের দায়িত্ব গ্রহণের পর সর্বোচ্চ সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করার চেষ্টা করেছি। দায়িত্বপালনকালীন কোনো অনিচ্ছাকৃত ত্রুটি-বিচ্যুতি হয়ে থাকলে তা মার্জনা করার অনুরোধ জানান। অত:পর তিনি প্রয়াত মেয়র আরফানুল হক রিফাত এর প্রতি গভীর শ্রদ্ধা ও তাঁর রুহের মাগফেরাত এবং নবনির্বাচিত মাননীয় মেয়র ডা. তাহসীন বাহার মহোদয়ের সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সফলতা কামনা করেন। সবশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক পবিত্র মাহে রমজানের শেষলগ্নে মহান আল্লাহর নৈকট্য লাভের প্রার্থনা এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

হাবিবুর আল-আমিন সাদী
ভারপ্রাপ্ত মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: +৮৮০২৩৩৪৪৩৭০৯
ইমেইল: coccbd@gmail.com

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.১২৮.২০২২- ৯০২৪ (১০০)
তারিখ: ২৮/০৩/২০২৪খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা)
০২। জনাব/বেগম ..........................................................................কাউন্সিলর...........নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৩। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৪। বিভাগ প্রধান (সকল)..............................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৫। আইটি কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা(সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। শাখা প্রধান (সকল)..............................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৭। পিএটু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৮। রেকর্ড কিপার, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা (গার্ড ফাইলে সংরক্ষণের জন্য)
০৯। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল

২৮/০৩/২০২৪

মো: ছামছুল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০২৩৩৪৪৩৭১০০
মোবাইল: ০১৭১২ ৭৮৯৭১০
samsul22bcs@gmail.com

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | বেগম কাউছারা বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০৩ |
| ২. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর |
| ৩. | বেগম উম্মে কুলসুম | ,, |
| ৪. | বেগম রুমা আক্তার | ,, |
| ৫. | বেগম নুর জাহান আলম(পুতুল) | ,, |
| ৬. | বেগম নেহার বেগম | ,, |
| ৭. | বেগম তাহমিনা আক্তার | ,, |
| ৮. | বেগম ফারহানা পারভীন | ,, |
| ৯. | বেগম শাহীন আক্তার | ,, |
| ১০. | জনাব কাজী গোলাম কিবরিয়া | সাধারণ আসনের কাউন্সিলর |
| ১১. | জনাব গাজী গোলাম ছারোয়ার | ,, |
| ১২. | জনাব সরকার মাহমুদ জাবেদ | ,, |
| ১৩. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | ,, |
| ১৪. | সৈয়দ রায়হান আহমেদ | ,, |
| ১৫. | জনাব মো: আমিনুল ইকরাম | ,, |
| ১৬. | জনাব আব্দুর রহমান | ,, |
| ১৭. | জনাব মোহাম্মদ একরাম হোসেন | ,, |
| ১৮. | জনাব মো: মনজুর কাদের (মনি) | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০২ |
| ১৯. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০১ |
| ২০. | জনাব কাজী জিয়াউল হক | সাধারণ আসনের কাউন্সিলর |
| ২১. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | ,, |
| ২২. | জনাব হানিফ মাহমুদ | ,, |
| ২৩. | জনাব মোহাম্মদ শওকত আকবর | ,, |
| ২৪. | জনাব মো: রেজাউল করিম | ,, |
| ২৫. | জনাব মো: আনোয়ার হোসেন | ,, |
| ২৬. | জনাব কাজী মাহবুবুর রহমান | ,, |
| ২৭. | জনাব মো: আজাদ হোসেন | ,, |
| ২৮. | জনাব মো: আনিসুজ্জামান | ,, |
| ২৯. | জনাব মো: মহিবুর রহমান | ,, |
| ৩০. | জনাব মো: এমদাদুউল্লাহ | ,, |
| ৩১. | জনাব মো: আব্দুস সত্তার | ,, |

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মো: ছামছুল আলম | প্রধান নিবাহী কর্মকর্তা |
| ২. | বেগম আশরাফুন নাহার | সচিব |
| ৩. | জনাব মো: মোস্তাফিজুর রহমান | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৪. | জনাব মো: মাসুদুর রহমান | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৫. | জনাব মো: আবু সায়েম ভুইয়া | নির্বাহী প্রকৌশলী |
| ৬. | জনাব মো: মাঈন উদ্দিন চিশতী | নির্বাহী প্রকৌশলী |

(সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তাদের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে)